



অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত (ডিসেম্বর ২০২৩) মতবিনিময় সভার কার্যবিবরণী

সভাপতি : সুকেশ কুমার সরকার, মহাপরিচালক (সরকারের সচিব), এনএপিডি
তারিখ ও বার : ২৬ ডিসেম্বর, ২০২৩ (মঙ্গলবার)
স্থান : জুম্ অনলাইন
সময় : দুপুর ০৩.১৫ ঘটিকা

সভার উপস্থিতিঃ জুম্ অনলাইনে সংযুক্ত অংশীজনদের স্ক্রিনশট হাজিরা। (সংযুক্ত)

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে একাডেমির পরিচালক (প্রশাসন ও অর্থ) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা প্রকৌঃ মোঃ আব্দুর রশীদ সভার কর্মপত্র উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয় -

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সভার সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১		প্রথম সভা গত ২০/০৯/২০২৩ (বুধবার) তারিখ অনুষ্ঠিত হয়েছে। সভার কার্যবিবরণী প্রেরণের পর সংশ্লিষ্ট বিষয়ে অন্য কোনো মতামত পাওয়া যায়নি। দৃষ্টিকরণ করা যেতে পারে।	দৃষ্টিকরণ করা হলো।	
০২	অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা	প্রাপ্ত অভিযোগ নিয়মিতভাবে নিষ্পত্তি ও তার যথাযথ ব্যবস্থাপনাসহ জনপ্রশাসন মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট বিভাগে তা প্রতিবেদন আকারে প্রেরণের বিষয়ে সভায় আলোচনা হয়।	প্রাপ্ত অভিযোগ নিয়মিতভাবে নিষ্পত্তি ও সংশ্লিষ্ট বিভাগে তা প্রতিবেদন আকারে প্রদান করতে হবে।	পরিচালক (প্র. ও অ.), উপ-পরিচালক (প্র.) ও সহকারী পরিচালক
০৩	বিকল্প অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা নির্ধারণ	প্রাপ্ত অভিযোগ নিয়মিতভাবে নিষ্পত্তি ও তার যথাযথ ব্যবস্থাপনার জন্য বিদ্যমান একজন অনিক কর্মকর্তার পাশাপাশি একজন বিকল্প অনিক কর্মকর্তা নির্ধারণের বিষয়ে সভায় আলোচনা হয়। এক্ষেত্রে একজন মহিলা কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করা যেতে পারে মর্মে অংশীজনদের পক্ষ থেকে প্রস্তাবনা প্রদান করা হয়।	একজন মহিলা কর্মকর্তাকে বিকল্প অনিক কর্মকর্তার দায়িত্ব প্রদান করতে হবে।	পরিচালক (প্র. ও অ.)
০৪	অংশীজনের উপস্থিতি	অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিতব্য পরবর্তী সভায় মন্ত্রিপরিষদ বিভাগ ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয় সংশ্লিষ্ট প্রতিনিধিকে আমন্ত্রণ জানানোর পাশাপাশি নতুন অংশীজন যারা পূর্ববর্তী সভায় অংশগ্রহণ করেন নি তাদেরকে আমন্ত্রণ জানানোর বিষয়ে সভায় আলোচনা হয়। উল্লেখ্য ১ম ও ২য় সভায় মন্ত্রিপরিষদ বিভাগ ও জনপ্রশাসন	অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত সভায় মন্ত্রিপরিষদ বিভাগ ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয় সংশ্লিষ্ট প্রতিনিধিদের অংশগ্রহণ সভাকে আরো ফলপ্রসূ করেছে যা প্রশংসনীয়। এ ধারা অব্যাহত রাখা যেতে পারে।	পরিচালক (প্র. ও অ.) ও উপ-পরিচালক (প্র.)



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)
জনপ্রশাসন মন্ত্রণালয়
৩/এ, নীলক্ষেত্র, ঢাকা-১২০৫
www.napd.gov.bd



ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সভার সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		মন্ত্রণালয়ের অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয় সংশ্লিষ্ট প্রতিনিধিদেরকে আমন্ত্রণ জানানো হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়।		

০২। সভাপতি মহোদয় উপস্থিত সদস্যবৃন্দকে সভায় সময় প্রদান করার জন্য আন্তরিকভাবে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/১২/২০২৩

সুকেশ কুমার সরকার
মহাপরিচালক (সরকারের সচিব)
এনএপিডি

স্মারক নং- ০৫.৮৮.০০০০.০০৫.০৫.০০৯.২৩-

তারিখ: ২৮/১২/২০২৩

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. প্রকৌঃ মোঃ আবদুর রশিদ, পরিচালক (প্রশাঃ ও অর্থ), এনএপিডি।
২. জনাব মোহাম্মদ হাসান তারিক, পরিচালক (প্রশিক্ষণ), এনএপিডি।
৩. জনাব কাজী মোহাম্মদ সালাতুজ্জামান (সিস্টেম এনালিস্ট), এনএপিডি।
৪. জনাব মোহাম্মদ আনোয়ার হোসেন, প্রধান প্রশিক্ষক-০৩, এনএপিডি।
৫. জনাব মোঃ মঈনুল হাসান চৌধুরী (উপপরিচালক-প্রশাসন), এনএপিডি।
৬. জনাব তৌহিদুর রহমান চৌধুরী, উপ-পরিচালক (গবেষণা ও প্রকাশনা), এনএপিডি।
৭. জনাব মোঃ রমজান আলী (প্রশিক্ষক-৩), এনএপিডি।
৮. জনাব মোহাম্মদ জিয়াউর রহমান, সহকারী পরিচালক, এনএপিডি।
৯. জনাব দীপায়ন চক্রবর্তী (সহকারী পরিচালক), এনএপিডি।
১০. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, এনএপিডি।
১১. উপস্থিত সকল অংশীজন।
১২. পরিচালক (গবেষণা ও প্রকাশনা/প্রশাসন ও অর্থ/প্রশিক্ষণ) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এনএপিডি।
১৩. অফিস কপি।

দীপায়ন চক্রবর্তী
সহকারী পরিচালক
জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)





গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)
জনপ্রশাসন মন্ত্রণালয়
৩/এ, নীলক্ষেত্র, ঢাকা-১২০৫
www.napd.gov.bd



সংযুক্তি

জুম অনলাইনে সংযুক্ত অংশীজনদের স্ক্রিনশট হাজিরা।





গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)
জনপ্রশাসন মন্ত্রণালয়
৩/এ, নীলক্ষেত্র, ঢাকা-১২০৫
www.napd.gov.bd

